দৈ. পূর্বাঞ্চল
১১/১১/৯০

পাইকগাছার ঘটনায় বিভিন্ন মহলের নিন্দা ও প্রতিবাদ

গত ৭ই নভেম্বর খুলনার পাইকগাছা উপজেলার হরিণ খোলা গ্রামে চিংড়ি ঘেরের মালিক পক্ষ ও কৃষকদের মধ্যে সংঘর্ষে ৪০ জন আহত ও মহিলা নিখোঁজ হওয়ার ঘটনায় খুলনার বিভিন্ন রাজনৈতিক সংগঠন ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছে।

।।৫দল।।

এই ঘটনার নিন্দা জানিয়ে ৫ দলের পক্ষে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির খুলনা জেলা শাখার সম্পাদক জিল্লুর রহমান বলেছেন, গণমানুষের ওপর নির্যাতন এমন পর্যায়ে এসেছে যে, মানুষের প্রতিবাদ করার অধিকারটুকুও এখন আর নেই। স্বৈরাচার ও তার দোসরদের উৎখাত না করা পর্যন্ত নিপীড়নকারীরা এভাবে আঘাত করবে।

।।আওয়ামীলীগ।।

বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় শ্রম সম্পাদিকা বেগম মন্নুজান সুফিয়ান, জেলা সভাপতি এ্যাডভোকেট কাজী আব্দুস সালাম, সাধারণ সম্পাদক শেখ হারুনুর রশীদ, মহানগর সভাপতি এ্যাডভোকেট

শেষ পাতায় ৬-এর কলম দেখুন

পাইকগাছার ঘটনায় বিভিন্ন

প্রথম পাতার পর

মঞ্জুরুল ইমাম ও সাধারণ সম্পাদক তালুকদার আব্দুল খালেক এক যৌথ বিবৃতিতে পাইকগাছায় ঘের কেন্দ্র করে ঘের মালিকদের সশস্ত্র হামলায় ২ জন নিহত ও ৪০ জন আহত হওয়ায় গভীর ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, এ ধরনের ঘেরের মাধ্যমে নীলকরদের মত প্রভাবশালী লোকদের অত্যাচার সর্বকালের সীমা ছাড়িয়ে যাচ্ছে। নেতৃবৃন্দ এ ব্যাপারে প্রশাসনিক হস্তক্ষেপ কামনা করেছেন।

।। সর্বদলীয় ছাত্র ঐক্য ।।

খুলনা জেলা সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ এক যৌথ বিবৃতিতে পাইকগাছার হরিন খোলা গ্রামে নিরীহ জনগণের ওপর ঘের মালিকের গুন্ডা কর্তৃক গুলিবর্ষণের ফলে ২ জন নিহত হওয়া এবং কয়েকজন যুবতী মহিলাকে অপহরণের নিন্দা জানিয়েছেন।

ছাত্রঐক্যের নেতৃবৃন্দ অবিলম্বে এ ঘটনার তদন্ত করে অবিলম্বে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানিয়েছেন। অন্যথায় ছাত্র সমাজ উপযুক্ত ব্যবস্থা করবে।

।। সিপিবি ।।

পাইকগাছা উপজেলার দেলুটি ইউনিয়নের হরিনখোলা গ্রামে প্রভাবশালী চিংড়ি ঘের মালিকের সশস্ত্র লোকজন কর্তৃক নিরীহ জনসাধারণের ওপর গুলিবর্ষণ, হত্যা ও আহত করার প্রতিবাদে গতকাল বিকেলে শহীদ হাদিস পার্কে সিপিবি শহর শাখার উদ্যোগে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ্যাডভোকেট ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন শেখ মনিরুজ্জামান, অসীম আনন্দ দাস, রুহিন হোসেন প্রিন্স।

প্রতিবাদ সমাবেশে বক্তারা হত্যা ও নির্যাতনের তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন। এবং অবিলম্বে হত্যাকারীদের দৃষ্টান্ত মূলক শাস্তি দাবি করেছেন।

।।ক্ষেতমজুর ইউনিয়ন।।

জাতীয় কৃষক সমিতি ও বাংলাদেশ ক্ষেতমজুর ইউনিয়নের খুলনা জেলা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে মৃন্ময় সাহা কালু, শেখ আতিয়ার রহমান, আজিজুর রহমান ও শেখ সাঈদুর রহমান এক যৌথ বিবৃতিতে বলেন, খুলনা জেলার সমগ্র দক্ষিণাঞ্চলে এক শ্রেণীর বে আইনী চিংড়ী ঘেরের মালিকরা এক সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। কৃষক ক্ষেত মজুরদের খুন, গুম, রাহাজানি নিত্য নৈমিত্তিক ঘটনায় পরিনত হয়েছে। তারই ধারাবাহিকতায় গত ৬ই নভেম্বর জনৈক চিংড়ি ঘের মালিকের গুন্ডারা দেলুটি ইউনিয়নের হরিন খোলা গ্রামে নারী-পুরুষ নির্বিশেষে কৃষক জনতার ওপর বর্বরোচিত হামলা চালিয়ে খুন করে। নেতৃবৃন্দ এ ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন এবং অবিলম্বে দোষী ব্যক্তিদের দৃষ্টান্ত মূলক শাস্তি দাবি করেছেন।

।। খবর বিজ্ঞপ্তি ।।